



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫২৬০/৪৪৩

তারিখ : ১৬-১০-২০২৩ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : ক) দৌলতপুর জিআর ৪৯৭/২০১৭ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন “কামালপুর মাধ্যমিক বিদ্যালয়” এর চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ শুভরাজ আলী জিআর ৪৯৭/২০১৭ নং মামলায় সাজাপ্রাপ্ত আসামী বিধায় শিক্ষা বোর্ডে অবগতসহ উক্ত মামলার রায়ের কপি পর্যালোচনায় দেখা যায়।

গত ১৫-০৬-২০২৩ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি বিজ্ঞ আদালত হতে সাজাপ্রাপ্ত হওয়ার পর প্রবিধানমালা-২০০৯ এর ১১(ঘ) ধারা অনুযায়ী কেন সভাপতি পদ হতে অব্যাহতি দেওয়া হবে না তার কারণ দর্শানো পত্র প্রদান করা হয়। কারণ দর্শানো জবাবে সভাপতি জনাব মোঃ শুভরাজ আলী উল্লেখ করেন, জিআর ৪৯৭/২০১৭ নং মামলায় ০৬ (ছয়) মাসের কারাদণ্ড হইয়াছে এবং আপীল বিচারাধীন ও তিনি জামিনে আছে।

এমতাবস্থায়, বিজ্ঞ আদালতে মামলার আদেশ ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং প্রবিধানমালা-২০০৯ এর ১১(ঘ) ধারা অনুযায়ী জনাব মোঃ শুভরাজ আলী বিজ্ঞ আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দণ্ডিত হওয়ায় সভাপতির পদ হতে অব্যাহতি দেয়া হলো এবং বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৮ অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি নির্বাচন করে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডের অনলাইনে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
কামালপুর মাধ্যমিক বিদ্যালয় (১৩৩৮৩২)
মৌবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


ফোন নং-০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫২৬০/৪৪৩(১-৬)

তারিখ : ১৬-১০-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৫। জনাব মোঃ শুভরাজ আলী, অব্যাহতি প্রাপ্ত সভাপতি, কামালপুর মাধ্যমিক বিদ্যালয়, মৌবাড়ীয়া, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। সংরক্ষণ নথি।



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

